

১২৯. "স্মৃতি"

মনো মন্দিরে পূজারিনী এসো

পল্লব ঘেরা কাননে;

নোলক ফেলে বনফুল দিয়ে এসো

বিদায়ের ক্ষণ এল যে ঘনে।

আজি হতে পাশাপাশি তাঁরা

উঠবে না নীল গগনে,

রাত যবে শেষ হবে

শুভ্রতা ফুরাবে মোর আননে।

বেবালুম ভুলে গেলুম

তোমার হিসাবের খাতা;

গগন আঁধারে কেবলি খুঁজেছি

পেয়েছি শুধুই ব্যাথা।

মনের অজান্তে পথভুলে

এসেছিলাম তোমার ঘরে,

স্মৃতিতে তুমি আজ আছ তাই

কেবলি অশ্রু ঝরে।